ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৭৩২</u>

কৈলাসহর, ১৬ মে, ২০২৫

**রক্তদানের কোন বিকল্প নেই ঃ সমাজকল্যাণ মন্ত্রী**

রক্তদানের মাধ্যমেই মানুষের অমূল্য জীবনকে রক্ষা করা যায়। তাই রক্তদানের কোনো বিকল্প নেই। আজ কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত জেলাভিত্তিক রক্ত দান শিবিরের উদ্বোধন করে একথা বলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। তিনি বলেন, বাল্যবিবাহ বা অপ্রাপ্তবয়স্ক বিবাহ একটা বড় সামাজিক সমস্যা। যদি অপ্রাপ্তবয়স্ক বধুরা গর্ভবতী হয়ে পড়ে তখন প্রসবের সময় তাদের অতিরিক্ত রক্তের প্রয়োজন পড়ে। এর ফলে রক্তের চাহিদাও বেড়ে যায়। সমাজকল্যাণ মন্ত্রী সমাজের সকল স্তরের মানুষকে বাল্য বিবাহ রোধ বিষয়ে সচেতন হতে আহ্বান জানান। শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, ঊনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা। শিবিরে ২৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন। রক্ত দানের পর রক্তদাতাদের সার্টিফিকেট প্রদান করা হয়। রক্তদান শিবিরে বেটি বাঁচাও ও বেটি পড়াও অভিযানের তথ্যচিত্রও প্রদর্শন করা হয়।

*****